

সংবাদ বিজ্ঞপ্তি

**বাংলা নববর্ষে নোবিপ্রবিতে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলা নববর্ষ-১৪৩২ উপলক্ষে বর্ণাঢ্য ‘আনন্দ শোভাযাত্রা’ অনুষ্ঠিত হয়েছে। শোভাযাত্রাটি আজ সোমবার (১৪ এপ্রিল ২০২৫) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবার প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেয়।

শোভাযাত্রা শেষে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আজকের আনন্দ শোভাযাত্রায় উপস্থিত সকলকে নববর্ষের শুভেচ্ছা। বৈশাখের তপ্ত রোদে কষ্ট করে যারা এই শোভাযাত্রায় এসেছেন সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা করি এই নববর্ষ আমাদেরকে নতুন উদ্যোগে কাজ করার অনুপ্রেরণা দেবে। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে আমরা সবাই একসঙ্গে কাজ করবো। এক্ষেত্রে আমাদের প্রত্যেক সদস্যের দায়িত্ব হচ্ছে আমরা দায়িত্বশীল আচরণ করবো এবং বিশ্ববিদ্যালয়ের আইন ও নীতি বিরুদ্ধ কিছু করবো না।

এসময় তিনি আরও বলেন, বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক দেশ। নোবিপ্রবিতেও সাম্প্রদায়িকতার কোনো স্থান নেই এবং এক্ষেত্রে আমরা জিরো টলারেন্স। নোবিপ্রবির পরিবেশ বিঘ্ন করার চেষ্টা যারাই করবে আমরা তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিবো।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ বলেন, সবাইকে নতুন বছরের শুভেচ্ছা। শুভ নববর্ষ। আমরা সবাই একসঙ্গে যেনো ঐক্যবদ্ধ থাকতে পারি এবং শিক্ষা ও গবেষণায় বিশ্ববিদ্যালয়কে যেনো এগিয়ে নিয়ে যেতে পারি। পাশাপাশি বাংলা নববর্ষের মতো সর্বজনীন অনুষ্ঠানগুলো যেনো আমরা ক্যাম্পাসে নির্বিঘ্নে, নিরাপদে উদযাপন করতে পারি। বাংলা নতুন বছরের প্রথম দিন এ হটুক আমাদের অঙ্গীকার। ধন্যবাদ সকলকে।

এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ তামজীদ হোছাইন চৌধুরীসহ বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, হল প্রভোস্ট, প্রক্টর, বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও দপ্তর সমূহের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪